



মোকাম নবদ্বীপের সিভিল জজ আদালত, নবদ্বীপ, নদীয়া।

দেং নং ১৯৫। ২৩

বাদী : ১। হাসমত সেখ (৫৭)
২। নিয়াকত সেখ (৬৩)
৩। বাবু সেখ (৫৫)
সকলের পিতা মৃত নূর মোহম্মদ সেখ
সর্ব সাং মোল্লা পাড়া, পো: শ্রীমায়াপুর,
থানা নবদ্বীপ, জেলা নদীয়া।

বনাম

বিবাদী : ১। রমজান মোল্লা সেখ (৬২)
পিতা মৃত ইছাহক সেখ
সাং মোল্লা পাড়া, পো: শ্রীমায়াপুর,
থানা নবদ্বীপ, জেলা নদীয়া।

২। রফিকুল সেখ (৪৫)
৩। আলমগীর হোসেন সেখ (৪৮)
উ: পিতা আয়ুজদ্দিন সেখ

সর্ব সাং মোল্লাপাড়া, পো: শ্রীমায়াপুর,
থানা নবদ্বীপ, জেলা নদীয়া।

মোকাবিলা বিবাদী - ১। বি এল এ-ড এল আর ও
মহেশগঞ্জ। থানা নবদ্বীপ, জেলা নদীয়া।

স্বত্ত্বপ্রমের ও চিরস্থায়ী নিষেধাজ্ঞা বাবদ
নালিশী দাবী ১০০ টাকা।

---

বাদীর নালিশের বিবরণ এই যে-

১। তপশীল বর্ণিত সম্পত্তির পূর্বেকার মালিক ও দখলীকার ছিলেন বুলি বিবি স্বামী সোলেমন সেখ। বুলি বিবি মোট ৩৬ শতক সম্পত্তির মালিক ছিলেন। বুলি বিবি নি: সন্তান অবস্থায় মারা যান। তিনি মারা যাইলে তাহার একমাত্র ওয়ারিশ হন তাহার স্বামী সোলেমন সেখ। সোলেমন সেখ পিতা মৃত পুটি সেখ ৩৬ শতকের সম্পত্তির মালিক হন এবং তিনি উক্ত সম্পত্তি ভোগ দখল করা কালে

—২

তিনি নিঃ সন্তান অবস্থায় মারা যান। সোলেমন সেখ মারা যাইলে তাহার দুই ভাই বোন হাজারি সেখ ও অনন্ত বেওয়া স্বামী হাবুল সেখ যথাক্রমে ২৪ শতক ও ১২ শতকের মালিক হন।

২। ১ নং বিবাদী রমজান সেখ মোকাবিলা বিবাদীকে হাত করিয়া বেআইনী ভাবে হাজারি সেখের ২৪ শতক সম্পত্তি হইতে ৯ শতক সম্পত্তি নিজের নামে রেকর্ড করিয়া ভোগ দখল করিতেছেন। বাকী ১৫ শতক হাজারি সেখের নামে আছে। ১ নং বিবাদী রমজান সেখ সম্পূর্ণ বেআইনী ভাবে ৯ শতক সম্পত্তি ভোগ দখল করিতেছেন যাহা বাদীদের হকের সম্পত্তি হইতেছে।

৩। এদিকে অনন্ত বেওয়া যাহার সম্পত্তির পরিমান ১২ শতক তিনি ১২ শতকের জায়গায় ২৭ শতক সম্পত্তি বেআইনী ভাবে ১ ও২ বিবাদীদের বিক্রয় করেন।

৪। বাদীগণ হইতেছেন হাজারী সেখের নাতি অর্থাৎ নূর মোহম্মদ সেখের পুত্রগন হাজারি সেখের চার পুত্র ও দুই কন্যা। বর্তমান মামলা হাজারি সেখের নাতিরা করিতেছেন।। মোকাবিলা বিবাদীদের বিরুদ্ধে কোন প্রতিকার প্রার্থনা করা হইল না।

৫। গত ইং ১২.১০.২৩ তারিখে বাদীগন মূল বিবাদীদের বেআইনী কাজের প্রতিবাদ করিলে মূল বিবাদীগন বলেন যে তাহারা যে সম্পত্তি বেআইনী ভাবে প্রাপ্ত হইয়াছেন তাহা বিক্রয় করিয়া দিবেন। বিবাদীদের ঐ কথা শুনিয়া বাদীগন বিচলিত হইয়া পড়েন। বিবাদীগন যদি পুনরায় তাহাদের বেআইনী ভাবে পাওয়া কাটুকে হস্তান্তর বা বিএক বিক্রয় করেন তাহা হইলে আর ও মামলার সৃষ্টি হইবে। সেকারণ মূল বিবাদীদের বেআইনী কাজ অত্র আদালতের চিরস্থায়ী নিষেধাজ্ঞা দ্বারা বন্ধ করা প্রয়োজন অন্যথায় বাদীগন ক্ষতি গ্রস্থ হইবেন।

৬। মামলার কারণ ইং ১২.১০.২৩ ও তাহার ও পূর্ব হইতে উদ্ভূত হইয়াছে যাহা এখনো চলিতেছে। নালিশী সম্পত্তি নবদ্বীপ থানার অন্তর্গত মোল্লা পাড়ায় অবস্থিত হইবার কারনে বর্তমান মামলা অত্র আদালতের বিচার্য্য হইতেছে।

৭। বাদীগন ১০০ টাকার দাবীর উপর ১০ টাকার কোর্ট ফি দিয়া এই মামলা দাখিল করিয়া প্রার্থনা করিতেছেন যে-

ক। নালিশী সম্পত্তিতে বাদীগনের অবিভক্ত অংশ আছে মর্মে স্বত্ত্ব প্রচারের ডিক্রি দিতে আজ্ঞা হয়।

-৩-

খ। মূল বিবাদপীগন যাহাতে নালিশী সম্পত্তি কাউকে বিক্রয় বা কোন রকম হস্তান্তর করিতে না পারেন তদবাবদ বাদীদের অনুকূলে ও মূল বিবাদীদের বিরুদ্ধে চির স্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রি দিতে আজ্ঞা হয়।

গ। অন্যান্য প্রতিকার।

ঘ। মামলা খরচা।

তপশীল

জেলা নদীয়া, থানা নবদ্বীপ,

| মৌজা | খতিয়ান | দাগ নং | রকম | পরিমান |
| --- | --- | --- | --- | --- |
| ১১ খাসিঘাট। | ৭০, ৩৩২, ৩৩৩, ৪১৮ | ১৫৭।২০৬ | আউশ | ৩৬ শতক |

হলফকারী

আমি হাসমত সেখ পিতা মৃত নূর মোহম্মদ সেখ বয়স অনু: ৫৭ জাতি মুসলিম পেশা চাষাবাদ সাং মোল্লাপাড়া, থানা নবদ্বীপ, জেলা নদীয়া এতদ্বারা প্রতিজ্ঞাপূর্বক কহিতেছি যে - এই মামলার সমস্ত বিবরণ আমার কথা মতো লেখা হইল ও টিপ সহি দিলাম।

উক্ত বিবরণ আমার জ্ঞান মতে সত্য।

L T I

হলফকারী

শনাক্তকারী

Subhadip Chakraborty Adv.

F/2150/1877/2018.

1776
17-10-23

Solemnly affirmed at the Office of the Civil Judge, (Jr. Divn.) Nabadwip, Nadia
This..................day of..................20.....
at....................before me the declarant & persons known to me and identified by
Who is ... at Nabadwip

17th Oct. 23
11.57 AM

Sheristadar
Civil Judge's Court Junior Division
Nabadwip Nadia

Subhadip Chakraborty, Adv.

17.10.23

মোকাম নবদ্বীপের সিভিল জজ আদালত, নবদ্বীপ, নদীয়া।

দেং নং ১৭৫। ২৩

বাদী : হাসমত সেখ দীং।

বনাম

বিবাদী : রমজান মোল্লা সেখ দীং

বাদী পক্ষে দে: কা: বিধির অর্ডার ৩৯ রুল ১ ও ২ এবং সেকশন ১৫১ ধারা মতে দরখাস্ত।

সবিনয় নিবেদন এই যে-

১। বাদীগন চিরস্থায়ী নিষেধাজ্ঞা বাবদ বর্তমান মামলা করিয়াছেন। বিস্তারিত বিবরণ অত্র সহ মূল মামলায় বর্ণিত আছে যাহা এই দরখাস্তের একাংশ বলিয়া গন্য হইবে।

২। ব্যালেন্স অব কনভিনিয়েন্স এন্ড ইনকনভিনিয়েন্স বাদীর অনুকূলে। বাদীর প্রাইমা ফেসি কেস আছে এবং এই মামলায় বাদীর জয়ের সম্ভবনা আছে।

৩। বাদী যদি অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞার আদেশ না পান তাহা হইলে বাদীর অপূরনীয় ক্ষতি হইবে যাহা অর্থ দ্বারা পূরণ করা সম্ভব হইবেন না।

প্রার্থনা বিবাদীগন যাহাতে নালিশী সম্পত্তি বর্তমান মামলা চলাকালীন কাউকে বিক্রয় বা কোন প্রকার হস্তান্তর করিতে না পারেন ও নালিশী সম্পত্তির আকার প্রকারের কোন পরিবর্তন করিতে না পারেন তদবাবদ বাদীর অনুকূলে ও বিবাদীদের বিরুদ্ধে অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞার আদেশ দিতে আজ্ঞা হয়।

—২

-২-

## তপশীল

জেলা নদীয়া, থানা নবদ্বীপ।

| মৌজা | খতিয়ান | দাগন নং | রকম | পরিমান |
| --- | --- | --- | --- | --- |
| ১১, খাসিঘাটা। | ৭০, ৩০২<br>৩৩৩, ৪১৮ | ১৫৭। ২০৬ | সাউশ | ৩৬ শতক |

## হলফনামা

আমি হাসমত সেখ পিতা মৃত নূর মোহম্মদ সেখ বয়স আনু: ৫৭ বৎসর জাতি মুসলিম, পেশা চাষাবাদ সাং মোল্লাপাড়া, থানা নবদ্বীপ, জেলা নদীয়া, এতদ্বারা প্রতিজ্ঞাপূর্বক কহিতেছি যে এই দরখাস্তের সমস্ত বিবরণ আমার কথা মতো লেখা হইল ও পড়ে টিপ সহি দিলাম।

1177
17-10-23

উক্ত বিবরণ আমার জ্ঞান মতে সত্য।

LTI of হাসমত সেখ

হলফকারী

শনাক্তকারী

Subhadip Chakraborty

এ্যাডভোকেট।

F/2150/1878/2018.

17th Oct, 23

11.59 AM

Subhadip Chakraborty, Adv.

17-10-23

10 रु. कोर्ट फी Rs.10 COURT FEE भारत INDIA दस रुपये TEN RUPEES

# ওকালতনামা

জেলা নদীয়া মোকাম কৃষ্ণনগর, নবদ্বীপ — সিভিল জজ (জু.ডি.) আদালত

বাদী ১ম পক্ষ/এ্যাপেল্যান্ট বঃ আসামী/২য় পক্ষ/রেসপণ্ডেন্ট

লিখিতঃ

১। রমজান মোল্লা সেখ ২। রফিকুল সেখ
পিতা- মৃত ইদ্রিস সেখ ৩। আনোয়ার হোসেন সেখ
পিতা- আমজাদ সেখ
সর্ব সাং- ...., থানা- নবদ্বীপ
পো: নবদ্বীপ, জেলা- নদীয়া

মোকদ্দমার নম্বর— T.S- /23

সন

কস্য ওকালতনামা পত্রমিদং কার্য্যাঞ্চাগে

উক্ত মোকদ্দমায় নিম্নলিখিত মহাশয়গণকে আমা পক্ষে এডভোকেট নিযুক্ত করিলাম এডভোকেট মহাশয়গণের মধ্যে যখন যিনি হুজুর আদালতে উপস্থিত হইয়া মোকদ্দমায় আমা পক্ষে আরজি বর্ণনা পত্র দরখাস্তাদি দলিল ও টাকা দাখিল ও সওয়াল জবাব করিবেন। দাখিলী দলিল ও আমানতী টাকা বা তাহার চেকাদি পাইবার দরখাস্ত করিবেন এবং চেক টাকা বা দলিল ফেরৎ লইয়া সে রসিদ দিবেন, যে রফানামা বা জরিমানা দরখাস্ত অথবা সালিশ অমান্য করিয়া যে দরখাস্ত বা একবার দাখিল করিবেন ও সম্মতি দিবেন, এই মোকদ্দমা সংক্রান্ত ডিক্রীজারীর দরখাস্ত, মাল তালিকাদি দাখিল ও স্থাবর অস্থাবর সম্পত্তি আমা নামে প্রকাশ্যে নীলাম ডাকিয়া নীলামী ডাকতক্তে দস্তখত করিবেন ও ডিক্রী টাকা মুসমা পাইবার দরখাস্ত বা রসিদ দাখিল করিবেন বা নীলামী মুল্যে টাকা ও বয়নামার বলে দখল লওয়ার দরখাস্ত দাখিল করিবেন এবং ছানির দরখাস্ত বা মোকদ্দমা উঠাইয়া লওয়ার অবকাশ লওয়ার বা মৌজাহামে দরখাস্ত বা ডিক্রীজারীর টাকা পরিশোধ করিবার জন্য অবকাশের দরখাস্ত দাখিল করিবেন, আমা পক্ষ হইতে খাজনা আমানত করিবেন ফৌঃ কাঃ বিঃ আইনের ২০৫ ধারার বিধানমতে হাজির জামিন থাকিয়া মোকদ্দমার কার্য করিবেন। ক্ষতিপূরণ সংক্রান্ত মোকদ্দমার আপত্তি দাখিল দলিল দাখিল সাক্ষ্য প্রমাণ প্রয়োগ সওয়াল জবাব ইত্যাদি যাবতীয় কার্য করিবেন। সেলট্যাক্স কৃষি অথবা সাধারণ আয়কর কেসে হাজির হইয়া আমা পক্ষে যাবতীয় কার্য্য করিবেন। আমানত বা পাওনা টাকা গ্রহণ করিবেন। ভূমি গ্রহণ (Acquisition Requisition) আইনের বিধান বলে যাবতীয় কেসে আমা পক্ষে হাজির হইয়া যাবতীয় কার্য্য বা টাকা দাখিল ও বিল অথবা ডি,ডি, আর গ্রহণ করিবেন। রেজিষ্ট্রেশন আইনের ৭২/৭৩ ধারার বিধানমতে যাবতীয় কার্য্যে আমা পক্ষে হাজির হইয়া দরখাস্ত দাখিল বা আপত্তি দাখিল সওয়াল জবাব করিবেন। যে কোন নকলের দরখাস্ত করিবেন ও নকল পাইয়া রসিদ দিবেন। দরখাস্ত বর্ণনাপত্র প্রভৃতিতে নিজ নাম বকলমে আমা নাম দস্তখত করিবেন এবং ঐ সকল ব্যাপার সংক্রান্ত যে কোন প্রয়োজনীয় কার্য্য ও তদ্বির করিবেন। তৎসমুদয় আমা স্বীয় কৃতকার্যের ন্যায় কবুল ও মঞ্জুর হইবে। এতদর্থে এই ওকালতনামা দিলাম। ইতি সন ২০০ সাল তাং—

| | | |
|---|---|---|
| শ্রীসুবোধচন্দ্র বন্দ্যোপাধ্যায় | শ্রীঅতুল কুমার রায় | শ্রীবিকাশ মন্ডল |
| শ্রীসৌরেন্দ্র নারায়ণ সাহা | শ্রীসীমাচল গোস্বামী | শ্রীঅরিজিৎ ভট্টাচার্য্য |
| শ্রীঅতনু কুমার ব্যানার্জী | শ্রীসৌমিত্র ঘোষ | উজানী ব্যানার্জী |
| শ্রীসতীশ দেবনাথ | শ্রীশ্যামাপ্রসাদ চট্টোপাধ্যায় | শ্রীগৌরচন্দ্র চন্দ্র |
| শ্রীষষ্ঠীভূষণ পাল | শ্রীজয়মঙ্গল সাহা | শ্রীউৎপল দেবনাথ |
| শ্রীপ্রদীপ কুমার রায় | বনানী চক্রবর্ত্তী | শ্রীসুব্রত ঘোষ |
| শ্রীদেবব্রত মন্ডল | শ্রীসনৎ রায় | শ্রীঅভিজিৎ সাহা |
| শ্রীতুষারকান্তি মল্লিক | শ্রীদিলীপ কুমার চট্টোপাধ্যায় | বীথিকা পোদ্দার |
| শ্রীসুভাষ চন্দ্র রায় | শ্রীসুব্রত মুখোটী | শ্রীসুবল দাস |
| শ্রীশিতীষ চন্দ্র চৌধুরী | শ্রীদুলাল চন্দ্র পাল | শ্রীশংকর দেব |
| শ্রীনারায়ণ চন্দ্র সাধু | শ্রীসুরজিৎ ভট্টাচার্য্য | শ্রীসুব্রত গুঁই |
| শ্রীশুভাশীষ সাহা | শ্রীউৎপল চক্রবর্তী | শ্রীভোলানাথ পোদ্দার |
| শ্রীরাসবিহারী সেন | শ্রীসুহৃদ কুমার মন্ডল | শ্রীচিন্ময় বিশ্বাস |
| শ্রীবিজয় কুমার নন্দী | শ্রীশৈলেশ্বর কুন্ডু | শ্রীমানস বণিক |
| মিতা রায় | শ্রীঅসীম কুমার বিশ্বাস | শ্রীশুভ্রশুচি মুখার্জী |
| শ্রীঅনিল কুমার মুখার্জী | শ্রীশ্রুতিশেখর গোস্বামী | শ্রীচঞ্চল ঘোষ |
| শ্রীগৌতম সেনগুপ্ত | শ্রীপ্রতুল কুমার সিংহ | জয়শ্রী সাহা |
| | শ্রীসুব্রত সিনহা | সুলেখা ঘোষ |

শ্রী আমি শ্রী এডভোকেট শ্রী এডভোকেট নিযুক্ত করিলাম এবং তাঁহার নির্দেশানুসারে আমা পক্ষে কার্য করিবার জন্য শ্রী আমা পক্ষে পরিচিত সাক্ষাতে এই ওকালতনামায় নিজ নামে পার্শ্বে টিপ সহি দস্তখত করিলাম। ইতি স্বাক্ষর

শ্রী আমি শ্রী টিপ রেখা সহি দস্তখত করিয়াছেন ও আমি তাহা চিনি। এতদ্বারা জানাইতেছি যে আমার সাক্ষাতে এই ওকালতনামায় ইতি— স্বাক্ষর

Accepted by
Subhadip Chakraborty
[illegible].
F/2180/1879/2018.
17/10/23